দৈনিক ইত্তেফাক

৩/৮/২০০১

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ১৩ কলাম ৬ ......

# বেসরকারী শিক্ষক কর্মচারীদের জ্ঞাতব্য

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং কারিগরী বেসরকারি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের মে মাসের বেতন-ভাতার সরকারী অংশের বিভাগভিত্তিক এমপিও পয়লা আগষ্ট জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হইয়াছে। ১৪ আগষ্টের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হইতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য অনুরোধ করা হইয়াছে। কোন সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি ২০০০-২০০১ অর্থ বছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহারাও উক্ত সময়ের মধ্যে দাবীকৃত টাকা উত্তোলন করিতে পারিবেন। -তথ্য বিবরণী।